

একি অন্ধকার এ ভারতভূমি !

বুঝি, পিতা, তাকে ছেড়ে গেছ তুমি ।

প্রতি পলে পলে ডুবে রসাতলে — কে তাকে উদ্ধার করিবে ॥

চারি দিকে চাই, নাহি হেরি গতি । নাহি যে আশ্রয়, অসহায় অতি ।

আজি এ আঁধারে বিপদপাথারে কাহার চরণ ধরিবে ।

তুমি চাও পিতা, ঘুচাও এ দুখ । অভাগা দেশে হোয়ো না বিমুখ —

নহিলে আঁধারে বিপদপাথারে কাহার চরণ ধরিবে ।

দেখো চেয়ে তব সহস্র সন্তান লাজে নতশির, ভয়ে কম্পমান,

কাঁদিয়ে সহিছে শত অপমান — লাজ মান আর থাকে না ।

হীনতা লয়েছে মাথায় তুলিয়া, তোমারেও তাই গিয়াছে তুলিয়া,

দয়াময় ব'লে আকুলহৃদয়ে তোমারেও তারা ডাকে না ।

তুমি চাও পিতা, তুমি চাও চাও । এ হীনতা-পাপ এ দুঃখ ঘুচাও ।

ললাটের কলঙ্ক মুছাও মুছাও — নহিলে এ দেশ থাকে না ।

তুমি যবে ছিলে এ পুণ্যভবনে কী সৌরভসুধা বহিত পবনে,

কী আনন্দগান উঠিত গগনে, কী প্রতিভাজ্যোতি ঝলিত ।

ভারত-অরণ্যে ঋষিদের গান অনন্তসদনে করিত প্রয়াণ —

তোমারে চাহিয়া পুণ্যপথ দিয়া সকলে মিলিয়া চলিত ।

আজি কী হয়েছে ! চাও পিতা, চাও । এ তাপ এ পাপ এ দুখ ঘুচাও ।

মোরা তো রয়েছি তোমারি সন্তান যদিও হয়েছে পতিত ॥

---

Parjaay: Swadesh, Taal: Dadra, Raag: Prabhati-(Gujarati)

Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail